



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫-৫৬

তারিখ: ২৮/০১/২০২১

নোটিশ

সরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ/ আলিয়া মাদ্রাসার সম্মানিত অধ্যক্ষ/ বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মরত আছেন এমন প্রতিষ্ঠান প্রধানদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের বদলী এবং বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ৩৮-তম ব্যাচের পদায়ন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্নকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক সৃষ্ট ও শূন্য পদের তথ্যাদি হালনাগাদ থাকা জরুরী।

এমতাবস্থায়, আগামী ৩১/০১/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক সৃষ্ট ও শূন্যপদের তথ্যাদি অনলাইনে (ওয়েব সাইট : www.emis.gov.bd) পূরণপূর্বক প্রিন্ট কপি সত্যায়িত করে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রতিষ্ঠানে সৃষ্ট ও শূন্য পদের তথ্যাদি হালনাগাদ না থাকার ফলে বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ৩৮-তম ব্যাচ কর্মকর্তাদের পদায়ন প্রক্রিয়ায় কোন জটিলতার সৃষ্টি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। উল্লেখ্য যে, পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ যারা পদায়নের অপেক্ষায় স্ব-স্ব প্রতিষ্ঠানে পূর্বের পদে (ইনসিটু) হিসেবে কর্মরত আছেন সে সকল পদসমূহ কোন ক্রমেই শূন্য হিসেবে দেখানো যাবেনা।

আঞ্চলিক পরিচালকগণ সংশ্লিষ্ট অঞ্চলের অন্তর্ভুক্ত কলেজসমূহের বিষয়ভিত্তিক সৃষ্ট ও শূন্যপদে তথ্য সংগ্রহপূর্বক ০১/০২/২০২১ তারিখের মধ্যে ddgovtcollege@gmail.com- ঠিকানায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরি

প্রফেসর ড. শাহ মো: আমির আলী
উপপরিচালক (কলেজ-১)
ফোন: ৯৫৫৮৫০৫

- ১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)
- ২। অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান (সকল)

অনুলিপি ও প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ২। সহকারী পরিচালক (কলেজ-১, ২, ৪), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। সংরক্ষণ নথি।